


পদ্মার এপারের বিদ্যুৎ

# ওজোপাডিকো বার্তা

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ-এর মুখপত্র

(An Enterprise of Bangladesh Power Development Board)

তৃতীয় বর্ষ | ৬ষ্ঠ সংখ্যা | ২০১৯ইং


## দেশেই তৈরি হবে স্মার্ট প্রি-পেমেন্ট মিটার

দেশেই তৈরি হবে বিদ্যুৎ এর স্মার্ট প্রি-পেমেন্ট মিটার, তৈরী করবে "বাংলাদেশ স্মার্ট ইলেকট্রিক্যাল কোম্পানি লিমিটেড"। গত ২১শে অক্টোবর ২০১৮ খ্রিঃ তারিখ বিদ্যুৎ ভবন, ঢাকায় এক অনুষ্ঠানের মাধ্যমে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) ও চীনের হেক্সিং ইলেক্ট্রিক্যাল কোম্পানি লিমিটেড এর মধ্যে যৌথভাবে চুক্তি স্বাক্ষর হয়।

চুক্তিতে ওজোপাডিকোর পক্ষে কোম্পানি সচিব আব্দুল মোতালেব এবং হেক্সিং এর পক্ষে চেয়ারম্যান ঝু লিয়াং ঝাং স্বাক্ষর করেন। অনুষ্ঠানে বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ, বিদ্যুৎ সচিব ড. আহমদ কায়কাউস, পিডিবির চেয়ারম্যান খালেদ মাহমুদ, ওজোপাডিকোর চেয়ারম্যান ও অতিরিক্ত সচিব(সমন্বয়), বিদুৎ বিভাগ, মাকসুদা খাতুন, ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন, হেক্সিং ইলেক্ট্রিক্যাল কোম্পানির চেয়ারম্যান জো ইয়াং চেং, সিইও জিয়াং সি কোয়েন উপস্থিত ছিলেন।




*বাংলাদেশ স্মার্ট ইলেকট্রিক্যাল কোম্পানি লিমিটেড-এর চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে মাননীয় বিদ্যুৎ প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এমপিসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।*

অনুষ্ঠানে বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী বলেন, এ ধরনের উদ্যোগ বাংলাদেশে প্রথম নেওয়া হয়েছে। অন্য কোম্পানিকেও তিনি এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, একাধিক কোম্পানি এগিয়ে এলে মিটারের দাম কমে আসবে এবং প্রতিযোগিতার বাজার তৈরি হবে।

বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব ড. আহমদ কায়কাউস বলেন, দেশে মিটার তৈরির মাধ্যমে বিদ্যুৎ খাতের নতুন যুগের সূচনা হলো। আমরা শুধু বিদ্যুৎ উৎপাদনে নজর দিচ্ছি না, যন্ত্রপাতি বানানোতেও মনোযোগ দিচ্ছি। যা এই

*বাকী অংশ শেষ পাতায়*

## ওজোপাডিকো দপ্তর পরিদর্শন করেন বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব

গত ২৯ হতে ৩০ মার্চ ২০১৯ ইং বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব ড. আহমদ কায়কাউস যশোরসহ খুলনা অঞ্চলের বিভিন্ন দপ্তর/স্থাপনা পরিদর্শন করেন। গত ২৯.০৩.২০১৯ ইং তারিখ শুক্রবার তিনি যশোরে বিমানযোগে অবতরণ করেন এবং ওজোপাডিকো'র পরিচালন ও সংরক্ষণ সার্কেল পরিদর্শন করেন। পরিদর্শনকালে ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন তাঁকে স্বাগত জানান। তাঁর সফর সঙ্গী ছিলেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক। এছাড়াও স্থানীয় বিউবো, পল্লী বিদ্যুৎ সমিতির জৈষ্ঠ্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। ওজোপাডিকোর যশোরস্থ পরিচালন ও সংরক্ষণ সার্কেল পরিদর্শনকালে সিনিয়র সচিব একটি জলপাই গাছের চারা রোপণ করেন। পরবর্তীতে তিনি খুলনাস্থ বিউবোর নির্মাণাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহ পরিদর্শন করেন।



*ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব ড. আহমদ কায়কাউস মহোদয়কে।*

২৯.০৩.২০১৯ ইং তারিখে তিনি মোল্লারহাটস্থ নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের ১০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন মধুমতি HFO বেইজড বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র পরিদর্শন করেন এবং এ সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট প্রকৌশলী কর্মকর্তাগণের সাথে মত বিনিময় করেন। ৩০.০৩.২০১৯ ইং তারিখে তিনি খুলনা থেকে যশোর হয়ে বিমানযোগে ঢাকায় গমণ করেন।

# ওজোপাডিকো'র ১৬তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত




*ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর ১৬তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত বোর্ডের সদস্যগণসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দের একাংশ।*

গত ০৪.০৩.২০১৯ খ্রিঃ তারিখ রোজ সোমবার ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানির ১৬তম বার্ষিক সাধারণ সভা ঢাকাস্থ বিদ্যুৎ ভবনের বিজয় হল সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সাধারণ সভায় উপস্থিত সদস্যদের মধ্যে ছিলেন ওজোপাডিকোর চেয়ারম্যান ও বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ (বিজ্বাখস) মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) মাকছুদা খাতুন। পরিচালনা পর্ষদের অন্যান্য সদস্যদের মধ্যে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সদস্য (প্রশাসন) মোঃ জহুরুল হক, প্রকৌঃ মোঃ আজহারুল ইসলাম, সদস্য (পিএন্ডডি), সাঈদ আহমেদ, সদস্য (উৎপাদন), ও প্রকৌঃ মোঃ আবু তাহের, সদস্য (বিতরণ), অধ্যাপক ড. প্রকৌঃ মুহাঃ রফিকুল ইসলাম, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, শাহ্ মোহাম্মদ আশরাফুল হক জর্জ, অ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, সৈয়দ মামুনুল আলম, যুগ্মপ্রধান, পরিকল্পনা উইং, বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয়, প্রকৌঃ এস এম মঞ্জুরুল হক মঞ্জু, অনারারী ভাইস প্রেসিডেন্ট, নির্বাহী কমিটি, আইইবি, মোঃ মামুনুর রশিদ এফসিএমএ, কাউন্সিল সদস্য, আইসিএমএবি, মোঃ শফিক উদ্দিন, ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো এবং মোহাম্মাদ মফিজুর রহমান, উপসচিব (সমন্বয়-১) ও মোহাম্মদ নাজমুল আবেদীন, উপসচিব (উন্নয়ন-১), বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয়। এছাড়াও ওজোপাডিকো'র নির্বাহী পরিচালক (অর্থ) রতন কুমার দেবনাথ, এফসিএমএ, ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌশলী মোঃ হাসান আলী তালুকদার এবং কোম্পানি সচিব মোঃ আব্দুল মোতালেবসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

# ওজোপাডিকো'র মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৯ উদ্‌যাপন



*মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৯ উদযাপন উপলক্ষে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর র‍্যালির একাংশ।*

৪৯তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৯ নানান আয়োজনে যথাযথ মর্যাদায় ভাবগাম্ভীর্যের সাথে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড পালন করে। খুলনাস্থ বিক্রয় ও বিতরণ বিভাগ-০১, শেখপাড়া হতে এক বর্ণাঢ্য র‍্যালি বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে গল্লামারী শহীদ স্মৃতিসৌধে শহীদদের স্মরণে ওজোপাডিকোসহ সকল রাজনৈতিক ও সামাজিক প্রতিষ্ঠান ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। র‍্যালিতে উপস্থিত ছিলেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। র‍্যালিপূর্ব সংক্ষিপ্ত সমাবেশে তিনি জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও স্বাধীনতাযুদ্ধের সকল বীর শহীদদের আত্মত্যাগের কথা শ্রদ্ধাভারে স্মরণ করেন। সমাবেশে উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক (অর্থ) রতন কুমার দেবনাথ, এফসিএমএ, ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌশলী মোঃ হাসান আলী তালুকদার। আরও উপস্থিত ছিলেন মোঃ আব্দুল মোতালেব, কোম্পানি সচিব, মোঃ আলমগীর কবীর, উপ-মহাব্যবস্থাপক, এইচআর এন্ড এডমিন, প্রকৌঃ মোঃ আবু হাসান, প্রকল্প পরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ওএন্ডএম সার্কেল, খুলনা, প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিস্টেম কন্ট্রোল এন্ড প্রটেকশন, প্রকৌঃ মোঃ সাইফুজ্জামান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা ও উন্নয়নসহ বিভিন্ন দপ্তর প্রধানগণ ও সকলস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

# ওজোপাডিকো চেয়ারম্যান এর সাতক্ষীরা বিদ্যুৎ সরবরাহ পরিদর্শন

গত ১৬.০৩.২০১৯ ইং তারিখে ওজোপাডিকো বোর্ডের সম্মানিত চেয়ারম্যান মহোদয় জনাব মোছাঃ মাকছুদা খাতুন (অতিরিক্ত সচিব প্রশাসন) -এর উপস্থিতিতে সাতক্ষীরা বিদ্যুৎ সরবরাহের নির্বাহী প্রকৌশলীর দপ্তরে বিদ্যুৎ গ্রাহকগণ ও স্থানীয় জনপ্রতিনিধি গণের অংশগ্রহণে এক গণশুনানী অনুষ্ঠিত হয়। গণশুনানী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। গণশুনানীতে ওজোপাডিকো ও পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তা বৃন্দ, স্থানীয় জন প্রশাসন, পৌরসভার প্যানেল মেয়রসহ কাউন্সিলর বৃন্দ, গণ মাধ্যম কর্মী, স্থানীয় বিভিন্ন পর্যায়ের জনপ্রতিনিধি ও সাতক্ষীরা জেলা সদরের বিদ্যুৎ গ্রাহকগণ উপস্থিত ছিলেন।

গণশুনানীতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে প্রধান অতিথি মহোদয় গণশুনানীর প্রেক্ষাপট বর্ণনা করে বলেন, বিদ্যুৎ সেবা সহজীকরণ করা, বিদ্যুৎ ব্যবহার সম্পর্কে জনগণের মতামত শোনা ও সচেতন করা এবং বিদ্যুৎ সেবা উন্নয়নের লক্ষে বিদ্যুৎ গ্রাহকগণের মূল্যবান পরামর্শ গ্রহণের জন্য এসভার আয়োজন করা হয়েছে। পরবর্তীতে বিশেষ অতিথি মহোদয় বক্তব্য প্রদান করেন। তিনি ওজোপাডিকোর সামগ্রিক কর্মকান্ডের সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরেন। একই সাথে সাতক্ষীরা বিদ্যুৎ সরবরাহ সম্পর্কে ওজোপাডিকোর বর্তমান ও ভবিষ্যৎ কর্মপন্থার বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন।



*সাতক্ষীরা বিদ্যুৎ সরবরাহ দপ্তরে নতুন ভেন্ডিং স্টেশনের শুভ উদ্বোধন করছেন ওজোপাডিকোর চেয়ারম্যান ও অতিরিক্ত সচিব (প্রশাসন) মাকছুদা খাতুন।*

বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলর গণ তাদের ওয়ার্ডের বিদ্যুৎ ব্যবস্থার সমস্যা তুলে ধরেন। সে সব বিষয়ে ওজোপাডিকো কর্তৃক গৃহীতব্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং সুনির্দিষ্ট ভাবে এ সকল সমস্যা সমাধানের জন্য প্রধান অতিথি দায়িত্ব প্রদান করেন। প্রি-পেমেন্ট মিটার সম্পর্কে গ্রাহকগণ তাদের ইতিবাচক বক্তব্য উপস্থাপন করেন এবং এরূপ মিটার স্থাপনে তাদের সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। একই সাথে প্রত্যেক অফিসে একটি অভিযোগ বক্স রাখার বিষয়েও সিদ্ধান্ত গৃহীত হয়।

সর্বশেষে অংশগ্রহণকারী সকল পর্যায়ের জনপ্রতিনিধি ও গ্রাহকগণকে ধন্যবাদ জানিয়ে গণশুনানী সংক্রান্ত কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করা হয়।

পরবর্তীতে বিশেষ অতিথি ও প্রধান অতিথি উপস্থিত সকলকে নিয়ে সাতক্ষীরা বিদ্যুৎ সরবরাহ দপ্তরে একটি প্রি-পেমেন্ট ভেন্ডিং স্টেশনের শুভ উদ্বোধন করেন।

# ভাষা শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

২১শে ফেব্রুয়ারী-২০১৯ খ্রিঃ তারিখে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে ওজোপাডিকো কর্তৃক নানান আয়োজনে দিবসটি যথাযথ মর্যাদায় পালিত



*শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে র‍্যালীতে ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিনসহ সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।*

হয়। বিক্রয় ও বিতরণ বিভাগ-১, ওজোপাডিকো, শেখপাড়া, খুলনা এর অফিস চত্বর হতে সকাল ৭:৩০ ঘটিকায় এক বর্ণাঢ্য র‍্যালি যাত্রা শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন শেষে শহীদদের শ্রদ্ধা নিবেদনে শহীদ হাদিস পার্ক শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে।

এছাড়াও ওজোপাডিকোর আধীন ওজোপাডিকো উচ্চ বিদ্যালয়ে এক প্রভাতফেরি অনুষ্ঠানের আয়োজন করা হয় উক্ত অনুষ্ঠানে বিদ্যালয়ের সকল ছাত্র- ছাত্রীসহ ওজোপাডিকো খুলনার সকল স্তরের কর্মকর্তা-কমচারী উপস্থিত ছিলেন।

প্রভাত ফেরি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন ও বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক (অর্থ) রতন কুমার দেবনাথ, এফসিএমএ এবং অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌশলী মোঃ হাসান আলী তালুকদার। আরও উপস্থিত ছিলেন মোঃ আব্দুল মোতালেব, কোম্পানি সচিব, প্রকৌঃ মোঃ আবু হাসান, প্রকল্প পরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ওএন্ডএম সার্কেল, খুলনা, প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিস্টেম কন্ট্রোল এন্ড প্রটেকশন, প্রকৌঃ মোঃ সাইফুজ্জামান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা ও উন্নয়নসহ বিভিন্ন দপ্তর প্রধানগণ। অনুষ্ঠানে প্রধান অতিথি সালাম, রফিক, শফিউর, বরকত, জব্বারসহ নাম না জানা সকল ভাষা শহীদদের শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং উপস্থিত সকল ছাত্র-ছাত্রীদের সামনে বাংলা ভাষার মর্যাদার ইতিহাস তুলে ধরাসহ নানান দিকনির্দেশনা প্রদান করেন। এছাড়াও দিবসটি উদযাপন উপলক্ষে শিশুদের মধ্যে চিত্রাঙ্কন প্রতিযোগীতা, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং শহীদদের স্মরণে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

# যশোরে নতুন বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ কাজের উদ্বোধন

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এর আওতাধীন এলাকাসমূহের ভবিষ্যৎ ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে যশোরের ঘোপ সেন্ট্রাল নামক স্থানে আরো একটি নতুন ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ করা হচ্ছে। গত ০৮ নভেম্বর ২০১৮ খ্রিঃ তারিখে ওজোপাডিকো'র নিজস্ব জায়গায় একটি ২x১০/১৩.৩৩ এমভিএ ক্ষমতা সম্পন্ন উপকেন্দ্রের আনুষ্ঠানিকভাবে ভিত্তি প্রস্থর স্থাপন করেন ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) খুলনা এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন ও যশোরের জেলা প্রশাসক মোঃ আব্দুল আওয়াল, ওজোপাডিকো'র চলমান বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারন ও আপগ্রেডেশন (EAUPDSP) প্রকল্পের আওতায় উল্লেখিত উপকেন্দ্রটি নির্মাণ করা হচ্ছে। উক্ত কাজটি সম্পাদন করবেন ঠিকাদারী প্রতিষ্ঠান Larsen & Toubro Limited, India.



*৩৩/১১ কেভি উপকেন্দ্রের নির্মাণ কাজের উদ্বোধন করছেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন ও যশোরের জেলা প্রশাসক মোঃ আব্দুল আওয়াল।*

ভিত্তি প্রস্থর অনুষ্ঠানে জেলা প্রশাসক সরকারের বিদ্যুৎ সেক্টরের উন্নয়নের ভূয়শী প্রসংশা করেন এবং বলেন পানির অপর নাম যেমন জীবন তেমন বর্তমানে বিদ্যুৎ-এর অপরনাম জীবন। অনুষ্ঠানে ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক বলেন, যশোরে এই উপকেন্দ্রটিসহ আরও ০৩ টি উপকেন্দ্র নির্মানের পরিকল্পনা রয়েছে ফলে যশোরের মোট উপকেন্দ্র হবে ০৮ টি যার মোট ক্ষমতা হবে ২৯২ এমভিএ। এছাড়াও যশোরসহ খুলনা ও বরিশাল শহরের বিদ্যুৎ ব্যবস্থা আন্ডার গ্রাউন্ড করার পরিকল্পনা রয়েছে। সাথে সাথে SCADA এর বাস্তবায়নসহ বিদ্যুৎ এর সকল গ্রাহককে প্রি-পেমেন্ট মিটারিং এর আওতায় নিয়ে আসা হচ্ছে ফলে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ প্রদানে আর কোন সমস্যায় থাকবেনা। অপরপক্ষে গ্রাহকসেবা বৃদ্ধির লক্ষে গ্রাহক সেবা কেন্দ্র নির্মাণসহ ডিজিটাল পদ্ধতিতে গ্রাহকের অভিযোগ নিস্পত্তি করার ব্যবস্থা করা হচ্ছে যার দ্বারা গ্রাহক সেবার মান বৃদ্ধিসহ আগামী দিনে বিদ্যুতের চাহিদা পূরণ করা সম্ভব হবে ফলে অত্রাঞ্চলের বিদ্যুৎ ব্যবস্থার ব্যাপক উন্নয়ন হবে। ওজোপাডিকো সরকারের সপ্তম-পঞ্চম বার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০) বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে বলেও তিনি উল্লেখ করেন।

ভিত্তি প্রস্থর অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আনসার আলী, ওজোপাডিকোর উপ-মহাব্যবস্থাপক, এইচআর এন্ড এডমিন মোঃ আলমগীর কবীর, SPDSP প্রকল্পের প্রকল্প পরিচালক প্রকৌশলী সিএম মোতাহার হোসেন ও EAUPDSP প্রকল্পের প্রকল্প পরিচালক প্রকৌশলী মোঃ আবু হাসান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা ও উন্নয়ন, প্রকৌঃ মোঃ সাইফুজ্জামান, যশোর পরিচালন ও সংরক্ষণ সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ শহিদুল আলম, সদর দপ্তরের ভারপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী(কারিগরী) মোঃ রুহুল আমিন, সিস্টেম কন্ট্রোল এন্ড প্রটেকশন দপ্তরের প্রকৌশলী দেবাশীষ পাল ও মোঃ মতিউর রহমান, যশোর বিক্রয় ও বিতরণ বিভাগ-১ এর নির্বাহী প্রকৌশলী জাহান-ই শবনম, যশোর বিক্রয় ও বিতরণ বিভাগ-২ এর নির্বাহী প্রকৌশলী মোঃ রেজাউল করিমসহ প্রমুখ।

# বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০১৯ উদ্‌যাপিত

নানান আয়োজনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৯-তম জন্মবার্ষিকি ও জাতীয় শিশু দিবস-২০১৯ যথাযথ মর্যাদায় ওজোপাডিকোর সকল দপ্তরে পালিত হয়। এই উপলক্ষ্যে ওজোপাডিকোর সদর দপ্তরের উদ্যোগে এক বর্ণাঢ্য র‍্যালী ১৭ই মার্চ-২০১৯ খ্রিঃ তারিখে খুলনা নগরীর শিববাড়ী মোড় হতে যাত্রা শুরু করে বিভিন্ন সড়ক প্রদক্ষিনান্তে শহীদ হাদিস পার্কে অবস্থিত স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শেষ হয়। উক্ত র‍্যালিতে উপস্থিত ছিলেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। এতে ওজোপাডিকোর সদর দপ্তরের ও খুলনা শহরের সকল বিক্রয় ও বিতরণ বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারি স্বতঃস্ফুর্তভাবে অংশগ্রহণ করেন। র‍্যালী পরবর্তী বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে এক আলোচনা সভা ওজোপাডিকো উচ্চ বিদ্যালয়, খুলনায় অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত থেকে অলংকৃত করেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। উক্ত অনুষ্ঠানে প্রধান প্রকৌশলী মোঃ হাসান আলী তালুকদার-এর সভাপতিত্বে ওজোপাডিকোর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী ও বিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।




*জাতির জনক বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে র‍্যালীতে ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ শফিক উদ্দিনসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।*

# ৪র্থ জাতীয় উন্নয়ন মেলায় ওজোপাডিকোর স্টল

"উন্নয়নের অভিযাত্রায় অদম্য বাংলাদেশ" শ্লোগানকে সামনে রেখে গত ০৪ অক্টোবর' ২০১৮ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার হতে খুলনাসহ সারাদেশে চতুর্থ জাতীয় উন্নয়ন মেলা-২০১৮ শুরু হয়ে শেষ হয় ৬ অক্টোব '২০১৮ খ্রিঃ তারিখ রোজ শনিবার। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা গণভবন থেকে সকাল দশ ঘটিকায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে খুলনাসহ দেশের সকল জেলা ও উপজেলায় আয়োজিত চতুর্থ জাতীয় উন্নয়ন মেলার শুভ উদ্বোধন করেন।

খুলনার জেলা প্রশাসনের আয়োজনে সার্কিট হাউজ মাঠ প্রাঙ্গনে সরকারি বেসরকারি দপ্তরের মোট ১৫৬টি স্টল বসে এ উন্নয়ন মেলা। সকল দপ্তর তাদের জনবান্ধব সেবা নিয়ে মেলায় উপস্থিত হয়, তারই ধারাবাহিকতায় পদ্মার এপারের ২১ জেলার বিদ্যুৎ বিতরণকারী প্রতিষ্ঠান ওজোপাডিকো ও অংশগ্রহণ করে। জনগণের বিদ্যুৎ সেবা সহজীকরনের অংশ হিসাবে ওজোপাডিকো মেলায় প্রদর্শন করে প্রি-পেইড মিটার ভেন্ডিং পদ্ধতি, এক অবস্থানে গ্রাহক সেবা, টাইম বেইজড কমপ্লেইন ম্যানেজমেন্ট পদ্ধতি ইত্যাদি। এছাড়াও স্টলে বসেই গ্রাহকের নতুন বিদ্যুৎ সংযোগ দেওয়ার ব্যবস্থা করে পদ্মার এপারের বিদ্যুৎ বিতরণকারী প্রতিষ্ঠান ওজোপাডিকো।



*খুলনাস্থ চতুর্থ জাতীয় উন্নয়ন মেলায় ওজোপাডিকোর স্টলে পুরস্কার হাতে কর্মকর্তাবৃন্দ।*

মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন প্রধান অতিথি মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ, খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক, সংসদ সদস্য বেগম মন্নুজান সুফিয়ান, সংসদ সদস্য মুহাম্মদ মিজানুর রহমান, বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়াসহ আরও অনেকেই। উদ্বোধনী অনুষ্ঠানের শুরুতে মেলার থিম সং ও বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ পরিবেশন করা হয় এবং সমাপনী অনুষ্ঠানে নানান আয়োজনের অংশ হিসাবে ওজোপাডিকোর পক্ষে সরকারের বিদ্যুৎ সেক্টরের উন্নয়নের চিত্র তুলে ধরে উপস্থাপনা প্রদান করেন ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। ওজোপাডিকো উক্ত মেলায় যৌথভাবে সেরা স্টলের পুরুস্কার অর্জন করে।

# বর্ণাঢ্য আয়োজনে ৪৭তম মহান বিজয় দিবস উদ্‌যাপন

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড ৪৭তম মহান বিজয় দিবস নানান আয়োজনে যথাযথ মর্যাদায় ভাবগাম্ভির্যের সাথে পালন করে। জাতীয় পতাকা উত্তোলন, বিজয় র‍্যালি, পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, দোয়া মাহফিল, চিত্রাঙ্কন প্রতিযোগীতাসহ, পুরস্কার বিতরণী অনুষ্ঠান ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। ভোর ০৬:০০ ঘটিকায় ওজোপাডিকোর সকল দপ্তরে একযোগে জাতীয় পতাকা উত্তোলন করাসহ ৮:০০ ঘটিকায় খুলনাস্থ বিক্রয় ও বিতরণ বিভাগ-০১, শেখপাড়া হতে বিজয় র‍্যালি বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। র‍্যালিতে নের্তৃত্ব প্রদান করেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। ওজোপাডিকোসহ সকল রাজনৈতিক ও সামাজিক প্রতিষ্ঠান গল্লামারী শহীদ স্মৃতিসৌধে শহীদদের স্মরণে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। বিকাল ৩:০০ ঘটিকায় মহান বিজয় দিবস-২০১৮ উপলক্ষে বিদ্যুৎ উন্নয়ন উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগীতা, কবিতা আবৃত্তি, দেশাত্মবোধক গানের প্রতিযোগিতা, নাটিকা প্রদর্শনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।




*মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে শহীদদের স্মরণে পুষ্পস্তবক অর্পন করছেন ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালকসহ কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।*

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। বিশেষ অতিথি হিসাবে নির্বাহী পরিচালক (অর্থ) রতন কুমার দেবনাথ, এফসিএমএ এবং অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌশলী মোঃ হাসান আলী তালুকদার। আরও উপস্থিত ছিলেন প্রকৌশলী মোঃ সাবির উদ্দিন, প্রধান প্রকৌশলী, এনার্জি সিস্টেম কন্ট্রোল এন্ড সার্ভিসেস, মোঃ আব্দুল মোতালেব, কোম্পানি সচিব, প্রকৌঃ মোঃ আবু হাসান, প্রকল্প পরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ওএন্ডএম সার্কেল, খুলনা, প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিস্টেম কন্ট্রোল এন্ড প্রটেকশন, প্রকৌঃ মোঃ সাইফুজ্জামান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা ও উন্নয়নসহ বিভিন্ন দপ্তর প্রধানগণ। অনুষ্ঠানে ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন উপস্থিত থেকে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।


# কুষ্টিয়া ও ঝিনাইদহ দপ্তরে “এক অবস্থানে সেবা” কার্যক্রমের শুভ উদ্বোধন

গত ৩০.০৩.২০১৯ ইং তারিখ রোজ শনিবার ওজোপাডিকো এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন, বিক্রয় ও বিতরণ বিভাগ কুষ্টিয়া ও ঝিনাইদহ দপ্তরে “এক অবস্থানে সেবা” কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। এসময় আরো উপস্থিত ছিলেন ওজোপাডিকো এর পরিচালন ও সংরক্ষন সার্কেল যশোরের তত্ত্বধায়ক প্রকৌশলী মোঃ শহিদুল আলম, কুষ্টিয়ার ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়ক প্রকৌশলী প্রকৌঃ মোঃ আরিফুর রহমান, বিক্রয় ও বিতরণ বিভাগ ওজোপাডিকো ঝিনাইদহের নির্বাহী প্রকৌশলী পরিতোষ চন্দ্র সরকার, বিবিবি-২, কুষ্টিয়ার নির্বাহী প্রকৌশলী মোঃ শহিদুল ইসলামসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও সম্মানিত গ্রাহকগণ।

"এক অবস্থানে সেবা" কার্যক্রমের ব্যাপারে ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন জানান এখন থেকে ওজোপাডিকো বিদ্যুৎ অফিসে সেবা নিতে গ্রাহকগণকে আর কোন বিড়ম্বনায় পড়তে হবে না, সুযোগ থাকবে না কোন গ্রাহক হয়রানির। তিনি আরো বলেন ওজোপাডিকো একটি গ্রাহক বান্ধব প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে এবং গ্রাহকের আস্থা অর্জনে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে।

এ সেবার ব্যাপারে ওজোপাডিকো এর পরিচালন ও সংরক্ষন সার্কেল কুষ্টিয়ার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ আরিফুর রহমান জানান সেবা গ্রহণের জন্য গ্রাহকগণকে এখন থেকে আর রুমে রুমে গিয়ে কর্মকর্তা-কর্মচারীদের স্বাক্ষর গ্রহণ করার প্রয়োজন হবে না, বরং গ্রাহক এক অবস্থানে সেবা কেন্দ্রে অবস্থান করবে এবং তার সেবার ফাইলটি নিয়ে একজন রানার প্রয়োজনীয় স্বাক্ষরের জন্য বিভিন্ন রুমে গমণ করে উক্ত গ্রাহকের সেবাটির অনুমোদন নিশ্চিত করা সহ সেবাটির দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা করবেন।

সংশ্লিষ্ট দপ্তরের নির্বাহী প্রকৌশলী জনাব প্রকৌশলী পরিতোষ চন্দ্র সরকার বলেন উক্ত সেবা কেন্দ্রের উদ্বোধনের মাধ্যমে ঝিনাইদহে ওজোপাডিকো লিঃ এর গ্রাহকদের জন্য সেবার এক নতুন দ্বার উন্মোচন হলো।







*কুষ্টিয়া ও ঝিনাইদহ "এক অবস্থানে সেবা" কার্যক্রমের শুভ উদ্বোধন করছেন ওজোপাডিকো এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন।*

# সুস্থ্যতায় প্রয়োজন সুনিদ্রা

*মোঃ আবুল বাশার

আধুনিক সভ্যতায় ব্যস্ত মানুষ ঘুমের প্রয়োজনীয়তাকে খাটো করে দেখছে। অথচ ঘুম শারীরবৃত্তীয় চক্রের একটি প্রয়োজনীয় মৌলিক অংশ। এক গবেষণায় দেখা গেছে, বিশ্বের অন্তত ১০০ মিলিয়ন মানুষের পর্যাপ্ত ঘুম হয় না। বিশ্বের ৮ শতাংশ মানুষ নিদ্রাজনিত রোগে এবং নাক ডাকা সমস্যায় আক্রান্ত। এ ছাড়া ২২ মিলিয়ন আমেরিকান নিদ্রাহীনতায় ভুগছে। ঘুমের সমস্যা শিশু থেকে বৃদ্ধ সবার হতে পারে। বয়স ভেদে এর কারণেও ভিন্নতা রয়েছে। সুনিদ্রার উপকারিতা বহুবিধ। প্রশান্তিময় ঘুম মানসিক চাপ কমায়, স্মৃতিশক্তি বাড়ায়, উচ্চরক্তচাপ ও হৃদরোগের ঝুঁকি কমায়, ডায়াবেটিস রোগের ঝুঁকি কমায়, শিশুদের মেধাবিকাশে সাহায্য করে, ওজন নিয়ন্ত্রণে সাহায্য করে, সুস্থ মানসিকতা সুরক্ষা ও কর্ম-উদ্দীপনা বাড়ায়। ভালো ঘুমের জন্য প্রয়োজন সু-নিয়ন্ত্রিত জীবন। প্রতিদিন নির্দিষ্ট সময়ে ঘুমান এবং ঘুম থেকে ওঠে পড়ুন। দিনের বেলা ৪৫ মিনিটের বেশি ঘুমাবেন না। ধূমপান এবং অ্যালকোহল বর্জন করুন। ঘুমাতে যাওয়ার ৬ ঘন্টা আগে চা, কফি, চকলেট বর্জন করুন। রাতে ভারি এবং মসলাযুক্ত খাবার খাবেন না। নিয়মিত ব্যায়াম করুন তবে কখনই ঘুমাতে যাওয়ার আগে নয়। ঘুমানোর জন্য ভালো পরিবেশ নিশ্চিত করুন। যেমন: আলো নিভিয়ে দিন, নীরবতা বজায় রাখুন। ঘুমানোর আগে সব স্মার্ট ডিভাইস পরিহার করুন। আপনার বিছানা পরিস্কার রাখুন। বিভিন্ন শারীরিক ও মানসিক কারণে সব বয়সের মানুষের ঘুমের সমস্যা হতে পারে। শিশুদের ক্ষেত্রে সাধারণত এডিনয়েড ও টনসিলের অস্বাভাবিক বৃদ্ধিজনিত কারণে ঘুমের ব্যাঘাত ঘটে। বড়দের বেলায় নাকের হাড়বাঁকা, বড় আকারের টনসিল, নাকের পলিপ এবং সর্বোপরি অতিরিক্ত ওজন বৃদ্ধি এর মূলকারণ। কিন্তু লক্ষণীয় বিষয় হচ্ছে

*বাকী অংশ শেষ পাতায়*

# বিদ্যুৎ বিল সাশ্রয় ও পরিবেশ বান্ধব বিদ্যুৎ উৎপাদনে সোলার নেট মিটারিং পদ্ধতি




*প্রকৌশলী মোঃ মতিউর রহমান

একটি দেশের জনগণের জীবনযাত্রার মান উন্নয়নে বিদ্যুৎ এর ব্যবহার অনস্বীকার্য। উন্নত দেশগুলোর দিকে আমরা নজর দিলে দেখতে পায় যে দেশের জনগণের বিদ্যুতের Per Capita Consumption যত বেশী সে দেশ তত বেশি উন্নত। তাই রূপকল্প ২০২১ অনুযায়ী প্রতিটি ঘরে ঘরে বিদ্যুৎ সুবিধা প্রদান নিশ্চিত করবে বাংলাদেশ সরকার। আর বেশি বিদ্যুৎ এর ব্যবহার মানেই বেশি উৎপাদন করা। এজন্য আমাদের বিদ্যুৎ উৎপাদন যেমন জরুরী তেমনি বাসযোগ্য পৃথিবী বজায় রাখাও তেমন অপরিহার্য। আমাদের ব্যক্তি পর্যায়ের একটু সচেতনতায় আমরা পারি পরিবেশ বান্ধব বিদ্যুৎ উৎপাদন করে বাসযোগ্য পৃথিবী বজায় রাখতে। বহিঃবিশ্বের পাশাপাশি বাংলাদেশ সরকার ও পরিবেশ বান্ধব নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনে নানান পদক্ষেপ গ্রহণ করেছে। তার মধ্যে ব্যাংলাদেশের ভৌগলিক অবস্থা বিবেচনায় সোলার নেট মিটারিং পদ্ধতিটি উল্লেখযোগ্য।

### সোলার নেট মিটারিং পদ্ধতি কি?

সোলার নেট মিটারিং পদ্ধতি হলো এমন একটি পদ্ধতি যার মাধ্যমে একজন বৈধ্য বিদ্যুৎ গ্রাহক তার স্থাপিত সোলার সিস্টেমটি হতে উৎপাদিত বিদ্যুৎ নিজে ব্যবহারের পর অতিরিক্ত বিদ্যুৎ সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থার নিকট জমা রাখতে পারবে। অর্থাৎ পরবর্তীতে যখন ঐ গ্রাহক তার স্থাপিত সোলার সিস্টেম হতে উৎপাদিত বিদ্যুৎ এর চেয়ে বেশি বিদ্যুৎ ব্যবহার করবে তখন পূর্বের জমাকৃত বিদ্যুৎ হতে বিদ্যুৎ বিতরণ সংস্থা কর্তৃক সরবরাহকৃত বিদ্যুৎ এর সাথে সমন্বয় হবে। উপরের চিত্রে একটি সোলার নেট মিটারিং পদ্ধতির সাধারণ বিদ্যুৎ সংযোগ দেখানো হলো।




*চিত্রঃ সোলার নেট মিটারিং পদ্ধতি।*

### সোলার নেট মিটারিং পদ্ধতি ব্যবহারের সুবিধাঃ

১। আমরা জানি আবাসিক গ্রাহকের ক্ষেত্রে তার বিদ্যুৎ বিল তার ব্যবহৃত ইউনিটের স্লাপের ওপর *(০-৫০ প্রতি ইউনিটের মূল্য ৩.৫০ টাকা, ০-৭৫ প্রতি ইউনিটের মূল্য ৪.০০ টাকা, ৭৬-২০০ প্রতি ইউনিটের মূল্য ৫.৪৫ টাকা, ২০১-৩০০ প্রতি ইউনিটের মূল্য ৫.৭০ টাকা, ৩০১-৪০০ প্রতি ইউনিটের মূল্য ৬.০২ টাকা, ৪০১-৬০০ প্রতি ইউনিটের মূল্য ৯.৩০ টাকা এবং ৬০০ ইউনিটের উর্দ্ধে প্রতি ইউনিটের মূল্য ১০.৭০ টাকা)* নির্ভর করে কম না বেশি হবে তা নির্ধারিত হয়। তাই সোলার নেট মিটারিং সম্বলিত গ্রাহক প্রথমে যেহেতু তার নিজের উৎপাদিত বিদ্যুৎ ব্যবহার করছে সেহেতু বিতরণ সংস্থা কর্তৃক সরবরাহকৃত বিদ্যুৎ ইউনিটের পরিমান ঐ গ্রাহকের মিটারে কম রেকর্ড হচ্ছে। ফলে গ্রাহকের বিদ্যুৎ বিল রেকর্ডকৃত মিটারের ইউনিট অনুযায়ী উল্লেখিত নিম্ন স্লাপের কম রেট মোতাবেক হবে। বিধায় গ্রাহকের দুই দিক হতে বিদ্যুৎ খরচ সাশ্রয় হচ্ছে যার একটি হলো নিজস্ব উৎপাদিত ইউনিট ব্যবহারে তাকে বিল প্রদান করতে হচ্ছে না। অপরদিকে বিদ্যুৎ বিল নিচের স্লাপে আসায় প্রতি মাসে বিদ্যুৎ বিল কমে যাচ্ছে।

২। গ্রাহকের সোলার পদ্ধতির বিদ্যুৎ উৎপাদন যদি তার ব্যবহারের তুলনায় বেশি হয় তাহলে তিনি সেটেলমেন্ট পিরিয়ডে সংশ্লিষ্ট বিতরণ সংস্থা হতে তার জমাকৃত ইউনিটের মূল্য বাবদ সমপরিমান অর্থ ফেরৎ পাবেন।

৩। জাতীয় বিদ্যুৎ উৎপাদনে প্রচলিত জীবাশ্ম জ্বালানি (গ্যাস, তৈল, কয়লা ইত্যাদি) ব্যবহার কমে আসবে ফলে গ্রাহক পরিবেশ বান্ধব বিদ্যুৎ উৎপাদনে সম্মানিত অংশিদার হতে পারছে পাশাপশি প্রতি ইউনিট উৎপাদিত বিদ্যুতের মূল্য জাতীয়ভাবে সাশ্রয় করতে ভূমিকা পালন করছে।

৪। এই পদ্ধতিতে যেহেতু কোন স্টোরেজ ব্যাটারী ব্যবহৃত হবে না সেহেতু গ্রাহক প্রায় ২৫ বছর এই পদ্ধতি হতে বর্ণিত সুবিধা ভোগ করার সুযোগ লাভ করবেন।

৫। এই পদ্ধতির কোন জটিল সংরক্ষণ প্রয়োজন হয় না সেহেতু এটি পরিচালন ও রক্ষণাবেক্ষণ খুবই সহজ।

বাকি অংশ পরের সংখ্যায়

* সিস্টেম কন্ট্রোল এন্ড প্রটেকশন
সদর দপ্তর, ওজোপাডিকো, খুলনা

## মেধাবী মুখ



যারীফা তাবাসসুম জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ হতে বিজ্ঞান বিভাগে এসএসসি-২০১৯ পরিক্ষায় গোল্ডেন A+ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ন হয়েছে। সে সকলের নিকট দোয়া প্রার্থী। যারীফা তাবাসসুম ওজোপাডিকোর কোম্পানি সচিব জনাব আব্দুল মোতালেব, এফসিএমএ ও শরমিন আক্তার জাহান এর একমাত্র কন্যা।

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

শুদ্ধাচার
সুখি, সমৃদ্ধি ও উন্নত জীবন

- ✓ প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার হচ্ছে প্রাতিষ্ঠানিক নীতি, ব্যবস্থা ও কার্যপদ্ধতির যথাযথ অনুশীলন।
- ✓ ব্যক্তি পর্যায়ে এর অর্থ হচ্ছে কর্তব্যনিষ্ঠা ও সততা।
- ✓ ব্যক্তির সমষ্টিতে প্রতিষ্ঠান সৃষ্টি; প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠায় ব্যক্তি পর্যায়ে শুদ্ধাচার অনুশীলন গুরুত্বপূর্ণ।

# ওজোপাডিকোতে নেট মিটারিং শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

গত ১৪.০৩.২০১৯ ইং ওজোপাডিকো, খুলনার সম্মেলন কক্ষে নেট মিটার সংক্রান্ত এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন স্রেডার চেয়ারম্যান (অতিঃ সচিব) মোঃ হেলাল উদ্দিন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন স্রেডার সদস্য (জ্বালানি দক্ষতা ও সরক্ষণ) ও অতিরিক্ত সচিব সিদ্দিক জোবায়ের এবং সদস্য (নবায়নযোগ্য জ্বালানি) ও যুগ্ম সচিব সালিমা জাহান। উক্ত কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। কর্মাশালার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ওজোপাডিকোর নির্বাহী পরিচালক (অর্থ) জনাব রতন কুমার দেবনাথ, ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক (প্রকৌশল) মোঃ হাসান আলী তালুকদার এবং পরিচালক, সেন্টার ফর এনার্জি রিসার্চ ও সহকারী অধ্যাপক, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এর শাহরিয়ার আহমেদ। উদ্বোধনী অনুষ্ঠানের পর কর্মশালা দুই পর্বে সম্পন্ন হয়। প্রথম পর্বে অংশগ্রহণ করেন ওজোপাডিকোর জেলা পর্যায়ের বিক্রয় ও বিতরণ বিভাগের নেট মিটারিং প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা ও বিদ্যুৎ বিল প্রণয়নকারী কম্পিউটার অপারেটরগণ। মধ্যাহ্নভোজের বিরতির পর দ্বিতীয় পর্বে ওজোপাডিকো এলাকার শিল্প গ্রাহকগণকে নিয়ে কর্মশালা সম্পন্ন হয়। শিল্প গ্রাহকগণকে নবায়ন যোগ্য উৎপাদিত শক্তি ব্যবহারে উদ্বুদ্ধ করাসহ সৌর প্যানেল স্থাপন ও নেট মিটারিং




*ওজোপাডিকোর সম্মেলন কক্ষে নেট মিটারিং শীর্ষক কর্মশালায় বক্তব্য প্রদান করছেন স্রেডার চেয়ারম্যান ও অতিরিক্ত সচিব জনাব মোঃ হেলাল উদ্দিন।*

এর মাধ্যমে গ্রীডে সংযুক্ত করনের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন। দিনব্যাপী এ কর্মশালায় বিশেষ অতিথি মহোদয়গণ, রিসোর্স পার্সন ও অংশগ্রহণকারী ওজোপাডিকোর কর্মকর্তা-কর্মচারীকে এ সংক্রান্ত বিষয় উপস্থাপন করেন। একই সাথে অংশগ্রহণকারী শিল্প গ্রাহকগণকে নানা প্রশ্নের জবাব দেন। বাংলাদেশ পাওয়ার সিস্টেম মাষ্টার প্লান-২০১৬ এর নির্দেশনার আলোকে উৎপাদিত বিদ্যুতের শতকরা ১০(দশ) ভাগ নবায়নযোগ্য জালানী হতে সংস্থানের পথে এরূপ কর্মশালা বিশেষ ভূমিকা রাখবে বলে সংশ্লিষ্ট সকলে মতামত ব্যক্ত করেন।

সমাপনী অনুষ্ঠানে এরূপ একটি কর্মশালার আয়োজন করার সুযোগ প্রদানসহ উপস্থিত থাকার জন্য প্রধান অতিথি বিশেষ অতিথি মহোদয়গণসহ নেট মিটারিং বিষয়ে রিসোর্স পার্সন এবং উপস্থিত ওজোপাডিকোর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা কর্মচারীগণ ও শিল্প গ্রাহকগণকে ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। কর্মশালাটি সঞ্চালনা করেন প্রকৌশলী মোঃ রকিব উদ্দিন, নির্বাহী প্রকৌশলী এসপিডিএসপি প্রকল্প।

## দেশেই তৈরি হবে ১ম পাতার পর

"বাংলাদেশ স্মার্ট ইলেকট্রিক্যাল কোম্পানি লিমিটেড" এর মাধ্যমে যাত্রা শুরু হলো, ভবিষ্যতে আমরা আরও এগিয়ে যাবো। ওজোপাডিকো এ উদ্যোগ নেওয়ায় তাদের অভিনন্দন জানাই।

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন বলেন, দ্রুত এই কোম্পানির মাধ্যমে মিটার উৎপাদন শুরু করার পরিকল্পনা রয়েছে। বাংলাদেশে ইতিপূর্বে সকল ধরনের মিটারই বিদেশ হতে আমদানি করা হতো। এখন থেকে আমদানির পরিমাণ কমে যাবে ফলে রাষ্ট্রীয় অর্থের সাশ্রয় হবে। তিনি আরও বলেন, পর্যায়ক্রমে সকল বিদ্যুৎ গ্রাহকের আঙিনায় স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন করা হবে। এতে বিদ্যুৎ ব্যবহারের আগেই গ্রাহককে বিদ্যুতের বিল দিতে হবে। ফলে বিদ্যুৎ বিল শতভাগ আদায়ের পাশাপাশি বিল তৈরি ও সরবরাহ ব্যয় কমে যাবে। ফলে বিতরণ কোম্পানিগুলো দুই দিক থেকে লাভবান হবে। পরিশেষে, অনুষ্ঠানের সভাপতি ওজোপাডিকো'র চেয়ারম্যান ও বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) মাকছুদা খাতুন এঁর বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করা হয়।

## সুস্থ্যতায় প্রয়োজন ৬ষ্ঠ পাতার পর

অধিকাংশ মানুষ ঘুম কম হওয়ার বিষয়টি সরাসরি বুঝতে পারেন না। বিশেষ করে মুখ হাঁ করে ঘুমানোর কিংবা নাক ডাকাকে স্বাভাবিক বলেই মনে করেন। উল্টো নাক ডেকে ঘুমানোর অধিকাংশ লোকজন গভীর ঘুম বলে মনে করেন। সাধারণের এই ধারণার উল্টোটাই সত্যিই। নাক ডাকা কখনোই স্বাস্থ্যকর বিষয় নয়। যারা নাক ডাকেন তাদের মধ্যে অনেকেরই ঘুমের মধ্যে দম বন্ধ বা শ্বাসবন্ধ হওয়ার ঘটনা থাকে। এই দম বন্ধ হওয়ার বিষয়টি নিয়মিতভাবে অল্প সময়ের জন্য হতে থাকে। সাধারণভাবে এই স্বাস্থ্য সমস্যার নাম Obstructive Sleep Apnoea বা নিদ্রাকালীন শ্বাসবদ্ধতা। কারণ নির্ধারণ করে চিকিৎসা না করলে হতে পারে নানা ধরনের স্বাস্থ্য সমস্যা। সূচনাতে সেই সমস্যা সাধারণ শারীরিক অস্বস্তি দিয়ে শুরু হয় ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, ব্রেনস্ট্রোক, হার্টের সমস্যা, স্মৃতিশক্তি কমে যাওয়া, সারা দিন ক্লান্ত লাগা এবং ঘুম ঘুম ভাব যা শেষ পর্যন্ত মারাত্মক সড়ক দুর্ঘটনার মতো পরিণতিতে পৌঁছাতে পারে। পরিসংখ্যানে দেখা গেছে চোখে ঘুম নিয়ে গাড়ী চালানোর কারণেই অধিকাংশ দুর্ঘটনা ঘটে। আর আগে থেকেই ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ থাকলে তা অনিয়ন্ত্রিত হয়ে পড়তে পারে। পরিশেষে আমি বলবো ভালো ঘুমান ভালো থাকুন।

**চিকিৎসা সহকারী, ওজোপাডিকো, খুলনা।*

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০, বাংলাদেশ
ফোন: +৮৮০-৪১-৮১১৫৭৩, ৮১১৫৭৪, ৮১১৫৭৫, ফ্যাক্স: +৮৮০-৪১-৭৩১৭৮৬
ই-মেইল: md@wzpdcl.org.bd, wzpdcl.md@gmail.com, web: www.wzpdcl.org.bd

মুঃ গ্লোরি, খুলনা ☏০১৭১১ ২৯ ৬৬ ১৯